

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৫২/২০১৯

তারিখঃ ১১/০৯/২০১৯খ্রিঃ।

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপ-পরিচালকের কার্যালয় উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম, স্মারক নং-১২.১১.২০১৫.০৩৯.৪১.০৫০.১৯-২৭৬, তারিখঃ ০৮/০৯/২০১৯খ্রিঃ সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুর রহমান

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ-পরিচালকের কার্যালয়

উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র

সমুদ্র বন্দর, চট্টগ্রাম।

স্মারক নং-১২.১১.২০১৫.০৩৯.৪১.০৫০.১৯-২৭৬,

তারিখ : ০৮/০৯/২০১৯খ্রিঃ

বরাবর

- ১) সভাপতি, দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, আখ্ৰাবাদ, চট্টগ্রাম।
- ২) সভাপতি/সাধারণ সম্পাদক, সি এন্ড এফ এজেন্ট মালিক এসোসিয়েশন, আখ্ৰাবাদ, চট্টগ্রাম।
- ৩) জনাব(সংশ্লিষ্ট আমদানিকারক)।

বিষয় : উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম থেকে চট্টগ্রাম জেলাধীন আমদানিকারকগণের অনুকূলে আমদানি অনুমতিপত্র (আইপি) ইস্যুকরণ প্রসঙ্গে।

সূত্র : (১) পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ঢাকার স্মারক নং-১২.১৭.০০০০.০০০.৯৯.১১৯.১৭-৭০৯ তারিখ : ৪/৯/২০১৯খ্রিঃ।

(২) কৃষি মন্ত্রণালয়, সম্প্রসারণ-৩ শাখার স্মারক নং-১২.০০.০০০০.০৫৪.৯৯.০০৩.১৯-২১১ তারিখ : ২৩/৭/২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় স্মারকদ্বয়ের প্রেক্ষিতে উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম কার্যালয় থেকে চট্টগ্রাম জেলাধীন আমদানিকারকদের আবেদন বিবেচনা করে সমুদ্র বন্দর, চট্টগ্রাম হতে আমদানি অনুমতিপত্র (আইপি) ইস্যুর নিমিত্ত উদ্ভিদ সংগনিরোধ আইন, ২০১১ এর দ্বিতীয় অধ্যায়ের ধারা-৫ মোতাবেক পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, খামারবাড়ী, ঢাকা কর্তৃক উপ-পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রামকে আমদানি অনুমতিপত্র (আইপি) ইস্যুর ক্ষমতা অর্পণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে, চট্টগ্রাম জেলাধীন আমদানিকারকগণ উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম কার্যালয়ে আইপি ইস্যুর জন্য আবেদন করতে পারবেন। প্রাপ্ত আবেদনপত্র কোয়ারেন্টিন বিধি মোতাবেক যাচাই করতঃ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ম্যানুয়েল পদ্ধতিতে আমদানি অনুমতিপত্র (আইপি) ইস্যু করা হবে।

২। জ্ঞাতার্থে ও কার্যার্থে বিষয়টি আপনাদেরকে অবহিত করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ২ (দুই) প্রস্থ সূত্রীয় স্মারক পত্র।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ আসাদুজ্জামান বুলবুল)

উপ পরিচালক

উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র

সমুদ্র বন্দর, চট্টগ্রাম।